

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

প্রশাসন-৩ শাখা।

www.mor.gov.bd



বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব জালাল উদ্দিন আহম্মেদ
যুগ্মসচিব, রেলপথ মন্ত্রণালয়।
সভার তারিখ : ০১.০৩.২০২১
সময় : বেলা ১১.০০ ঘটিকা।
স্থান : রেলপথ সম্মেলন কক্ষ (কক্ষ নং ৯৩০, ৯ম তলা)।

সভার উপস্থিতি:

সভায় রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব, সিনিয়র সহকারী সচিব, বাংলাদেশ রেলওয়ের পরিচালকবৃন্দ, রেলপথ পরিদর্শন অধিদপ্তরের প্রতিনিধি সভায় উপস্থিত ছিলেন। সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

০২. সভার প্রারম্ভিক আলোচনা:

যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত ২য় সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি ২য় সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য তিনি উপসচিব (প্রশাসন-৩)-কে অনুরোধ করেন। উপসচিব (প্রশাসন-৩) জানান রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে অভিযোগ প্রতিকার বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত ৪টি সভা করার সিদ্ধান্ত রয়েছে। কিন্তু কোভিড-১৯ এর কারণে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিটি সেপ্টেম্বর, ২০২০ স্বাক্ষরিত হওয়ায় এবং এ সংক্রান্ত নির্দেশাবলী দেরীতে পাওয়ার কারণে ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০২০) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সভা করা সম্ভব হয়নি। ৩য় কোয়ার্টার চলমান থাকলেও ২য় সভাটি অনুষ্ঠিত হচ্ছে। ২০২০-২১ অর্থবছর শেষ হতে আরও ৪ মাস সময় রয়েছে। এর মধ্যে ২টি সভা করা সম্ভব হবে। ফলে এ সংক্রান্ত এপিএ'র টার্গেট পূরণ করা সম্ভব হবে।

২.১. সভাপতি মহোদয় ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে এক কোয়ার্টারের সভা অন্য কোয়ার্টারে করা যাবে কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর হতে তথ্য সংগ্রহের নির্দেশনা প্রদান করেন।


০৩. সভায় উপস্থিত সম্মানিত কর্মকর্তাগণ এজেন্ডাভিত্তিক এবং সার্বিক বিষয়ে আলোচনায় স্বতস্কৃতভাবে অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধাস্তসমূহ গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	আলোচ্য বিষয়-১: এক কোয়ার্টারের সভা অন্য কোয়ার্টারে করা যাবে কিনা সে বিষয়ে আলোচনা: রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে অভিযোগ প্রতিকার বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত ৪টি সভা করার সিদ্ধান্ত রয়েছে। বর্তমানে চলমান ৩য় কোয়ার্টারের ২য় সভা অনুষ্ঠিত হচ্ছে। অবশিষ্ট সময় আরও ২টি সভা অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়।	এক কোয়ার্টারের সভা অন্য কোয়ার্টারে করা যাবে কিনা সে বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএ শাখা হতে তথ্য সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়;	উপসচিব (বাস্তবায়ন, মূল্যায়ন ও পরীক্ষণ শাখা)

চলমান পাতা/০২

৩.২	আলোচ্য বিষয়-২: বাংলাদেশ রেলওয়েতে প্রাপ্ত অভিযোগের তালিকা এবং অভিযোগসমূহের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা: জুলাই/২০২০ হতে ডিসেম্বর/২০২০ পর্যন্ত সেবাগ্রহীতা/নাগরিকদের নিকট হতে প্রাপ্ত অভিযোগের তালিকা এবং অভিযোগসমূহের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত তথ্যাদি রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়;	জুলাই/২০২০ হতে ডিসেম্বর/২০২০ পর্যন্ত বাংলাদেশ রেলওয়ের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার দপ্তরে প্রাপ্ত অভিযোগ ও অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য এবং অভিযোগ নিষ্পত্তির ফলাফল অভিযোগ কারীকে জানানো হয়ে থাকলে তার প্রমাণকসহ তথ্য অত্র মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত।	মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
৩.৩	আলোচ্য বিষয়-৩: অনলাইনে প্রাপ্ত অভিযোগের বিষয়ে আলোচনাঃ- বাংলাদেশ রেলওয়ের সিএসটি (টেলিকম) এর নিয়ন্ত্রণাধীন আসিটি সেল কর্তৃক অনলাইনে আসা অভিযোগসমূহ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়। সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক অভিযোগসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	প্রাপ্ত অভিযোগের মধ্যে যে সমস্ত অভিযোগের বিষয়ে ইতোমধ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার প্রমাণকসহ তথ্যাদি অত্র মন্ত্রণালয়ে প্রেরণ।	মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে

৪। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


৪/৭/২০২১

(জালাল উদ্দিন আহম্মেদ)
যুগ্মসচিব